



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৩১ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের শুনানীর তৃতীয় দিনে ১৮২ জন হোল্ডারের আপত্তি নিষ্পত্তি

৩১ অক্টোবর ২০১৭ খ্রি. সার্কেল-৭ এর ১৮২ জন হোল্ডারের আপিল নিষ্পত্তি করেছে আপিল রিভিউ বোর্ড। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের শুনানীর তৃতীয় দিনে ২০০ জন হোল্ডারের নিকট পত্র প্রেরণ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তন্মধ্যে আপিল বোর্ডের সামনে ১৮২ জন উপস্থিত হয়ে তাদের আপত্তি উত্থাপন করেন। আজ আপিল বোর্ডে অংশ গ্রহনকারী ১৮২ জন হোল্ডারদের অ্যাসেসমেন্ট ভেল্যু ছিল ১ কোটি ১৩ লক্ষ ১৬ হাজার ৭ শত টাকা। হোল্ডারদের মতামত আমলে নিয়ে আপিল রিভিউ বোর্ড শুনানী শেষে এ ভেল্যু ৮০.৫৩% হ্রাস করে ভেল্যু ২২ লাখ ৩ হাজার ৯ শত টাকায় চূড়ান্ত করেছে। ফলে অ্যাসেসমেন্ট ভেল্যু থেকে ৯১ লাখ ১২ হাজার ৮ শত টাকা ছাড় পেয়েছে আপিলে অংশগ্রহনকারী হোল্ডারগণ। বিশাল অংকের এ ছাড়ের ফলে আপিলে অংশগ্রহনকারী সম্মানিত হোল্ডারগণ নগর পিতা আ জ ম নাছির উদ্দীন এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে খুশিমনে আপিল রিভিউ বোর্ড থেকে ফিরে যান। আজকের আপিল রিভিউ বোর্ড শুনানিতে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের সিদ্ধান্তের প্রেক্ষিতে নগরীর ৭ নং সার্কেলের ১৪ জন হতদরিদ্র হোল্ডারের গৃহকর সম্পূর্ণ মওকুফ করে দিয়েছে। একজন বীর মুক্তিযোদ্ধার হোল্ডিং ভেল্যু ২ লক্ষ ৬৪ হাজার টাকা থেকে কমিয়ে আপিল রিভিউ বোর্ড মাত্র ৩৫ হাজার টাকা ভেল্যু নির্ধারণ করেছে এছাড়াও একজন সম্মানিত বিধবা হোল্ডার এর ভেল্যু ০% বিবেচনায় আনা হয়েছে এবং একই আপিল রিভিউবোর্ড ৩৫ জন দরিদ্র হোল্ডারকে বছরে সর্বনিম্ন ৫১ টাকা গৃহকর ধার্য করেছে। এতেই প্রমাণিত হয় নগরবাসীর প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর দায়বদ্ধতা কতটা গভীর। ইতোমধ্যে নগরবাসীর কাছে দেয়া তাঁর প্রতিশ্রুতির পাই টু পাই আপিল রিভিউ বোর্ডের মাধ্যমে পূর্ণ করে যাচ্ছেন। আপিলকারীদের সর্বশেষ আপিল পর্যন্ত মেয়রের এ ধরনের সু-বিবেচনা অব্যাহত থাকবে। আজ রিভিউ বোর্ডে বিকেলে সভাপতিত্ব করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন এবং সকালে মেয়রের পক্ষে সভাপতির দায়িত্ব পালন করেন ৩৬নং ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক। আপিল রিভিউ বোর্ড সদস্য প্রকৌশলী এম.আবদুর রশিদ, এডভোকেট চন্দন বিশ্বাস, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, ট্যাক্সেশন অফিসার জানে আলমসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা